দৈনিক সংবাদ

7

তারিখ 18 JAN 1990
পৃষ্ঠা 8 কলাম 5

## বিনা মূল্যে বই বিতরণ

বাংলাদেশ বিশ্বের একটি দরিদ্রতম দেশ হিসাবে চিহ্নিত। এখনও প্রায় শতকরা ৮০ জন লোকই নিরক্ষর। শিক্ষাই জাতির মেরুদণ্ড, নিরক্ষরতা জাতির অভিশাপ। এই অভিশাপ থেকে মুক্ত হবার জনাই আমাদের সরকার সার্বজনীন শিক্ষাক্রম চালু করেছেন এবং দেশের প্রাথমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে বই বিতরণের কার্যক্রম চালু করেছেন।

কিন্তু অত্যন্ত দুঃখের ব্যাপার যে গত বছর থেকে কর্তৃপক্ষ সকল প্রাইভেট ও কিণ্ডারগার্টেন স্কুল সমূহে প্রাথমিক পর্যায়ে (প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত) পূর্বের ন্যায় বিনামূল্যে বই বিতরণ বন্ধ করে দিয়েছেন। এতে দেশের প্রায় ৫০ ভাগ প্রাথমিক পর্যায়ের ছাত্র-ছাত্রী বিনামূল্যে বই পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে এবং কিণ্ডারগার্টেন ও প্রাইভেট স্কুলসমূহের কর্তৃপক্ষ ও ছাত্র-ছাত্রীদের অভিভাবকবৃন্দ বিশেষ বিপত্তির সম্মুখীন হচ্ছেন। একই দেশের নাগরিকদের ক্ষেত্রে এরূপ বৈষম্যমূলক আচরণ কখনও কাম্য নয়।

তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমাদের বিনীত আবেদন অনুগ্রহপূর্বক প্রাইভেট স্কুলসমূহেও বিনামূল্যে বই বিতরণের ব্যবস্থা করে বাধিত করুন। অথবা বিভিন্ন লাইব্রেরীর মাধ্যমে প্রতি-সেট বই-এর মূল্য নির্দিষ্ট করে দিয়ে খবরের কাগজে বিজ্ঞপ্তি প্রদান করলে সকল অভিভাবক কৃতার্থ হবেন এবং বিভিন্ন প্রকার হয়রানির হাত থেকে মুক্তি পাবেন।

আনোয়ার মোর্শেদ
১৪০, বড় মগবাজার,
ঢাকা।